



## রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

সূত্র: ৭৮/০২৬/কঅ/৩১৯

তারিখ: ১৪/০২/২০২৬

### নোটিশ

লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফল প্রকাশ এবং বিষয় পছন্দক্রম (Subject Choice) ফরম পূরণ

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার অংশ হিসেবে ইংরেজি বিভাগ, আইন বিভাগ, আইন ও ভূমি প্রশাসন বিভাগের লিখিত পরীক্ষা এবং সংগীত বিভাগ, নাট্যকলা বিভাগ ও চারুকলা অনুষদের ব্যবহারিক পরীক্ষার ফলাফল প্রকাশ করা হলো। এসব পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীসহ গত ১৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত MCQ পরীক্ষায় উত্তীর্ণদের Subject Choice Form আগামী ২২ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত অনলাইনে বাধ্যতামূলকভাবে পূরণ করতে হবে। কোনো উত্তীর্ণ প্রার্থী Subject Choice Form পূরণ না করলে A ইউনিটে তার ভর্তির সুযোগ থাকবে না। Subject Choice প্রদানের পর তদানুযায়ী কোনো নির্দিষ্ট বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হলে সেই বিভাগে অবশ্যই ভর্তি হতে হবে। নতুবা A ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে A ইউনিটের কোনো বিভাগে ভর্তির আর সুযোগ থাকবে না।

আগামী ০৫ মার্চ ২০২৬ তারিখে বিভাগসমূহের নির্ধারিত আসনসংখ্যা অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে ([www.ru.ac.bd](http://www.ru.ac.bd)) প্রকাশ করা হবে।

মেধা তালিকাভুক্ত পরীক্ষার্থীদের সাক্ষাৎকার ও ভর্তি কার্যক্রম ২৯ মার্চ ২০২৬ তারিখ থেকে শুরু হবে।

ধন্যবাদান্তে

(প্রফেসর ড. মোহাম্মদ বেলাল হোসেন)

ডীন, কলা অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ও

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট-A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও

চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা: ২০২৫-২০২৬

রাজশাহী বিশ্ববিদ্যালয়